

স্মারক নং - ৩২.০১.০০০০.০০১.১৬.২০- ৪৮০

তারিখ : ৩০/০৬/২০২৬।

বিষয় : মজুদকৃত সেলাই মেশিন সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ক্রয়কৃত সেলাই মেশিন প্রশাসনিক মন্ত্রণালয়ের বরাদ্দপত্রের আলোকে মাঠ পর্যায়ে বিতরণের সুবিধার্থে উপপরিচালকের কার্যালয়সমূহে সংরক্ষণ করা হয়। বর্তমানে তাঁর কার্যালয়ে কতটি সেলাই মেশিন সংরক্ষিত আছে তার সঠিক হিসাব, মজুদকৃত সেলাই মেশিনগুলির ক্রয়ের সাল, ব্র্যান্ড ইত্যাদি সঠিক তথ্য প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে তাঁর কার্যালয়ে মজুদকৃত সেলাই মেশিনের তথ্য নিম্নোক্ত ছকে আগামী ০১/০৭/২০২৬ তারিখের মধ্যে মেইলযোগে (dwaprosa1@gmail.com) প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক্র. নং	কার্যালয়ের নাম	সরবরাহের বছর	সরবরাহকৃত সেলাই মেশিনের ব্র্যান্ড (কলাম ৩ অনুযায়ী)	সরবরাহকৃত সেলাই মেশিনের সংখ্যা (কলাম ৩ অনুযায়ী)	বিতরণকৃত সেলাই মেশিনের সংখ্যা (কলাম ৩ এর পরিপ্রেক্ষিতে এ পর্যন্ত)	বর্তমানে মজুদকৃত সেলাই মেশিনের সংখ্যা (কলাম ৩ এর পরিপ্রেক্ষিতে এ পর্যন্ত)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

০২। অফিসে সংরক্ষিত মজুদ রেজিস্ট্রার ও বাস্তবে মজুদকৃত সেলাই মেশিনের ভিত্তিতে তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ করা হলো। প্রদত্ত তথ্য ভবিষ্যতে ভুল/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে সংশ্লিষ্ট কার্যালয়ের উপপরিচালক দায়বদ্ধ থাকবেন।

০৩। বিষয়টি অতীব জরুরী।

উপপরিচালক (সকল জেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর।


শবনম শিরিন
উপপরিচালক (প্রশাসন)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
ফোন : ০২-৪১০৩৩২১৬

কার্যার্থে / জ্ঞাতার্থে বিতরণ :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ২। সহকারী পরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৩। সহকারী পরিচালক (ওয়েব পোর্টাল), মহিলা বিষয়ক অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা/ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৬। স্টোর কীপার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।